

বলেন, অনলাইনে ভর্তি প্রক্রিয়া চালুর বিষয়ে আগামী ১৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত ভিনস কমিটিতে আলোচনা করা হবে। এরপরে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।

গত বছরের শিক্ষা মন্ত্রণালয় এক তফাৎ বিবরণীতে ভর্তি ফরম বিতরণ, জমা দেয়া, ভর্তি ফি সংগ্রহ, ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ও পরীক্ষার ফল প্রকাশের কাজে তথা ও যোগাযোগ প্রযুক্তির অনলাইন পদ্ধতি ও মোবাইল ফোন সার্ভিস ব্যবহার করার বিষয়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশ দেয়। তবে এ নির্দেশ পাওয়ার আগেরই ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত ৭ সেপ্টেম্বর থেকে সনাতন পদ্ধতিতে বিশ্ববিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়া শুরু করে। আগামী ১ অক্টোবর থেকে বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদনপত্র সংগ্রহ ও জমা শুরু হবে। আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ নির্ধারণ করা হয়েছে ১৯ অক্টোবর। আগামী ৬ নভেম্বর থেকে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হবে। বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়ার বিষয়ে ইতিমধ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। অনলাইনে ভর্তি প্রক্রিয়া চালু করা হলেও সনাতন পদ্ধতি যাবতীয় বহাল থাকবে।

তবে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার সরকারি নির্দেশনা পাওয়ার পর প্রাথমিক আলোচনা শুরু করে। সীমিত সময়ের মধ্যে অনলাইনে ভর্তির আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়া যায় কিনা সে বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ভর্তি শাখা থেকে নোট চাওয়া হয়। ভর্তি শাখা থেকে বলা হয়, বর্তমান অনলাইনে বিশ্ববিদ্যালয়ের ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করা কঠিন হবে। কারণ আগামী ১৮ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় ইন্ডের চুক্তি শুরু হবে। বিশ্ববিদ্যালয় বুলবে ২৯ সেপ্টেম্বর। আগ ১ অক্টোবর থেকে ভর্তির আবেদনপত্র বিতরণ করা হবে। মাত্র দুইদিনে অনলাইনে আবেদনপত্র সংগ্রহ ও জমার যাবতীয় প্রক্রিয়া শুরু করা কঠিন। তবে এবছর ভর্তির যাবতীয় নির্দেশিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেহাউর রহমান বলেন, প্রচলিত (সনাতন) পদ্ধতিতেই এখার ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে এটা অনেকটা নিশ্চিত।

যেভাবে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে

পাঁচটি ইউনিটের মাধ্যমে এ বছর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হবে। ১ অক্টোবর থেকে ১৯ অক্টোবর ভর্তির আবেদনপত্র সংগ্রহ ও জমার কার্যক্রম শুরু হবে। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বলা হয়, 'ক' ইউনিটের অধীনে ৫টি অনুষদ-বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, নতুন দুইটি অনুষদ অর্থাৎ এডভান্সড স্টাডিজ অফ সোশ্যাল সায়েন্স এবং ইন্টারন্যাশনাল টেকনোলজী অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ১৩ নভেম্বর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার ফলে অবশিষ্ট অগ্রণী ব্যাংক থেকে ভর্তির আবেদনপত্র সংগ্রহ করতে পারবে ও অফিস চলাকালীন জীববিজ্ঞান, অনুষদসমূহ, ভিন অফিসে জমা দিতে হবে। জমা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদের অধীনে 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা হবে ৬ নভেম্বর। টিএসসিতে অবশিষ্ট জনতা ব্যাংক থেকে ভর্তির আবেদনপত্র সংগ্রহ এবং জমা অনুষদের ভিন অফিসে জমা দেয়া হবে।

বাণিজ্য অনুষদের 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ২০ নভেম্বর অনুষ্ঠিত হবে। প্রাথমিকভাবে অবশিষ্ট সোনালী ব্যাংক থেকে ভর্তির আবেদনপত্র সংগ্রহ ও বাণিজ্য অনুষদের ভিন অফিসে জমা দেয়া হবে। টিএসসির জনতা ব্যাংক থেকে বিভাগ পরিবর্তনকারী 'ঘ' ইউনিটের ভর্তির আবেদনপত্র সংগ্রহ করা যাবে ও জমা দেয়া হবে সামাজিক বিজ্ঞান অনুষদের ভিন অফিসে। ভর্তি পরীক্ষা ৪ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। এছাড়াও নবগঠিত চারুকলা অনুষদের ভর্তি পরীক্ষা 'চ' ইউনিটের মাধ্যমে দেয়া হবে। ভর্তি পরীক্ষা হবে ১১ ডিসেম্বর। জানুয়ারি অবশিষ্ট অগ্রণী ব্যাংক থেকে ভর্তির আবেদনপত্র সংগ্রহ করা যাবে ও জমা দেয়া হবে চারুকলা অনুষদের ভিন অফিসে।

# ঢাবির ভর্তি পুরনো পদ্ধতিতেই অনলাইনে চালু করা নিয়ে সিদ্ধান্তহীনতা

১১ সাইদুর রহমান ॥  
চলতি ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদনপত্র সংগ্রহ ও জমা সনাতন পদ্ধতিতেই হবে। শিক্ষা মন্ত্রণালয়ের অনলাইনে ভর্তির আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়ার নির্দেশ বাস্তবায়ন নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সিদ্ধান্তহীনতায় রয়েছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ভিনস অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক (২৪ পৃ. ১-৫) ২:৫১